

উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের ০২ (দুই) দিনব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণের প্রতিবেদন

লালমনিরহাট সদর উপজেলায় উপজেলা পর্যায়ে কর্মকর্তাদের ০২ (দুই) দিনব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণ গত ০৭ ও ০৮ ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়। ০২ (দুই) দিনব্যাপী এ প্রশিক্ষণ সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর ও উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে এটুআই হতে প্রাপ্ত উপজেলা পর্যায়ের ১৫ (বিশ) টি দপ্তরের ৩০জন প্রশিক্ষণার্থী হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণের শুরুতে জনাব উত্তম কুমার রায় উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ই-নথির ভূমিকা এবং জনগণকে কিভাবে সহজে ডিজিটালি সেবা প্রদান করা যায় সে বিষয়ে আলোকপাত করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লালমনিরহাট সদর তঁর দিক নির্দেশনামূলক বক্তব্য এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী ভূমিকা সম্পর্কে আলোচনা করে প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন। এরপর প্রশিক্ষণ শুরু করা হয়। প্রশিক্ষণে রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন জনাব উত্তম কুমার রায় উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর, জনাব অনিমেঘ চন্দ্র বসুনীয়া, প্রোগ্রামার, লালমনিরহাট ও জনাব মোঃ আশরাফুল আলম, সহকারী প্রোগ্রামার, লালমনিরহাট সদর।

১ম দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণের আলোচ্য বিষয়বস্তু:

| দিন | সময় | বিষয়বস্তু |
|---------------------------------------|--------------------|---|
| ১ম দিন | ০৯.০০-১০.০০ | রেজিস্ট্রেশন |
| | ১০.০০-১০.৩০ | উদ্বোধনী অনুষ্ঠান |
| | ১০.৩০-১১.৩০ | ইনথি ডোমেইন নেইম পরিচিতি |
| | | ইউজার লগইন ও পাসওয়ার্ড রিসেট |
| | | প্রোফাইল ব্যবস্থাপনা |
| | ১১.৩০-০১.০০ | ডাক, ডাক আপলোড: দাপ্তরিক ডাক, নাগরিক ডাক। |
| | | ডাক ফরোয়ার্ডিং, ডাক ট্র্যাকিং |
| | ০১.০০-০২.০০ | মধ্যাহ্ন বিরতি |
| | ০২.০০-০৩.৩০ | নথি, ডিজিটাল নথি নম্বর |
| | | নথির ধরণ, নতুন নথি খোলা |
| নথিতে অনুমতি সংশোধন, নথির তথ্য সংশোধন | | |
| ০৩.৩০-৪.৩০ | ডাক নথিতে উপস্থাপন | |
| ৪.৩০-৫.০০ | রিক্যাপ | |

এরপর ২য় দিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এবং প্রশিক্ষণের বিষয়বস্তু:

| দিন | সময় | বিষয়বস্তু |
|---------|-------------|---|
| ২য় দিন | ০৯.০০-১০.৩০ | নথিতে নোট দেয়া |
| | ১০.৩০-১২.০০ | স্বউদ্যোগে নোট দেয়া, পত্র ড্রাফট করা, নথি প্রেরণ করা |
| | ১২.০০-০১.১৫ | পত্র অনুমোদন করা, পত্র জারি করা, নোট নিষ্পন্ন করা। |
| | ০১.১৫-০২.১৫ | মধ্যাহ্ন বিরতি |
| | ০২.১৫-০৩.৩০ | দপ্তর সেটিংস |
| | ০৩.৩০-০৪.০০ | ড্যাশবোর্ড |
| | ০৪.০০-০৪.৩০ | রিক্যাপ |
| | ০৪.৩০-০৫.০০ | সমাপনী অনুষ্ঠান |

প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে জনাব উত্তম কুমার রায় উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর উপস্থিত ছিলেন। তিনি ০২ (দুই) জন প্রশিক্ষার্থীর কাছ থেকে প্রশিক্ষণ সম্পর্কে মতামত শোনে। এরপর প্রশিক্ষণ সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ রূপকল্প ২০২১ তুলে ধরেন ও প্রশিক্ষণপ্রাপ্ত দপ্তরগুলোকে দূত ই-নথি লাইভ সার্ভারে নিয়ে আসার ব্যাপারে উদ্যোগ নেয়ার বিষয়ে আলোচনা করে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করেন।

প্রশিক্ষণের স্থির চিত্র:



চিত্রঃ ই-নথি প্রশিক্ষণের স্থিরচিত্র